বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 13 JUL 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫

আজকের কাগজ

৩।

# কুষ্টিয়া হোমিওপ্যাথিক কলেজের অধ্যক্ষের দুর্নীতির প্রতিবাদে বিক্ষোভ ॥ স্মারকলিপি পেশ

কুষ্টিয়া হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতালের অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগে কলেজের ছাত্ররা গত ২৯ জুন বিক্ষোভ মিছিল ও গণজমায়েত শেষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছে। গণজমায়েতে মোতাহেরুল হকের সভাপতিত্বে বক্তব্য রাখেন- ডাঃ আহসান হাবিব বকুল, ডাঃ আব্দুর রহমান হাসান, ছানাউল্লাহ, হাসানুজ্জামান, এবি সিদ্দিক তপন ও সুমন। সভায় বক্তারা অধ্যক্ষের দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার খতিয়ান তুলে ধরেন। তারা বলেন, অধ্যক্ষের দায়িত্বহীনতার কারণে বোর্ড কর্তৃক প্রদত্ত ও প্রকাশিত ফলাফল (অটো প্রমোশন) থেকে কুষ্টিয়া হোমিওপ্যাথিক কলেজের ছাত্রছাত্রীরা বঞ্চিত হয়েছে। নেতারা বলেন, অধ্যক্ষের স্বেচ্ছাচারিতার কারণে সাধারণ ছাত্র-ছাত্রীরা বিড়ম্বনার শিকার হচ্ছে। গণজমায়েত শেষে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা অধ্যক্ষের বিচার ও শাস্তির দাবিতে বিক্ষোভ মিছিল শেষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে। কুষ্টিয়ার থেকে শাহ আরিফ নিশির।